62

দৈনিক ইনকিলাব

তারিখ 29 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৮

## রাজশাহী মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

রাজশাহী, ২৮ আগষ্ট (ইউএনবি)।— ক্যাম্পাসে পরিস্থিতির অবনতির প্রেক্ষাপটে রাজশাহী মেডিকেল কলেজ

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## রাজশাহী মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

আজ থেকে অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। পরীক্ষা চলাকালীন সময়ে যে কোন অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্যে কলেজ একাডেমিক কাউন্সিলের এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। প্রিন্সিপাল এ, কে, শামসুদ্দিন সিদ্দিকী বৈঠকে সভাপতিত্ব করেন। কর্তৃপক্ষ কলেজের ছাত্রদের আজ সন্ধ্যা ৭টা এবং ছাত্রীদের আগামীকাল (মঙ্গলবার) সকাল ৭টার মধ্যে হোস্টেল ত্যাগ করার নির্দেশ দিয়েছে।

এদিকে অন্তত ৫০ জন ছাত্র প্রিন্সিপালের অপসারণের দাবীতে আজ সকালে কলেজ প্রাঙ্গণে প্রতীক ধর্মঘট পালন করে।

রাজশাহী মেডিকেল কলেজ কর্তৃপক্ষ হোস্টেল খালি করার জন্যে পুলিশের সহায়তা কামনা করেছে।